

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩

ফেব্রুয়ারি ১৬, ২০১৬
তারিখ :-----
ফাল্গুন ০৪, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ভালো ঋণগ্রহীতাদের প্রণোদনা প্রদান প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে মার্চ ১৯, ২০১৫ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৬ এবং ডিসেম্বর ৩০, ২০১৫ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার এর মাধ্যমে ভালো ঋণগ্রহীতা (Good Borrower)-দের চিহ্নিত করে মার্চ ১৯, ২০১৫ হতে নির্দিষ্ট হারে রিবেট দেয়ার মাধ্যমে তাদেরকে প্রণোদনা প্রদানের নির্দেশনা দেয়া হয়। ভালো ঋণগ্রহীতা চিহ্নিতকরণের বিষয়টি বিশ্লেষণধর্মী ও সময়সাপেক্ষ মর্মে ব্যাংকসমূহের উপর্যুপরি আবেদনের প্রেক্ষিতে বর্ণিত নির্দেশনার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬/২০১৫ এর মাধ্যমে উক্ত রিবেট সংক্রান্ত বাস্তবায়ন কার্যক্রম জানুয়ারি ০১, ২০১৬ থেকে কার্যকর করা হয়।

এক্ষেণে, সার্কুলার/সার্কুলার লেটার দু'টিতে বর্ণিত বিষয়সমূহ স্পষ্টীকরণসহ এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, মার্চ ১৯, ২০১৫ তারিখ থেকে ডিসেম্বর ৩১, ২০১৫ এর মধ্যে যে কোন তারিখে বিদ্যমান কোন গ্রাহক তার ঋণ হিসাবের বিগত ৩ (তিন) বছরের লেনদেন বিবেচনায় ভালো ঋণগ্রহীতা হিসেবে চিহ্নিত হলে তিনি মার্চ ১৯, ২০১৫ তারিখ থেকে উক্ত তারিখ পর্যন্ত প্রদত্ত সুদ/মুনাফার উপর রিবেট প্রাপ্য হবেন। তবে এক্ষেত্রে, ব্যাংকের ২০১৫ হিসাব বর্ষের স্থিতিপত্র চূড়ান্তকালে ভালো ঋণগ্রহীতাদের প্রাপ্য রিবেট এর বিপরীতে সম্ভাব্য প্রয়োজনীয় প্রতিশন সংরক্ষণপূর্বক ২০১৬ সালে তা প্রদান করা যাবে। তাছাড়া, ২০১৬ এবং তৎপরবর্তী বছর থেকে বিআরপিডি সার্কুলার নং-০৬/২০১৫-এ বর্ণিত নির্দেশনার আলোকে কোন গ্রাহক ভালো ঋণগ্রহীতা হিসেবে চিহ্নিত হলে সংশ্লিষ্ট হিসাব বর্ষে গ্রাহক প্রযোজ্য রিবেট প্রাপ্য হবেন।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২